

১৪ মার্চ ২০১৮

কারা হেফাজতে ছাত্রদল নেতা জাকির হোসেনের মৃত্যু, নির্যাতনের অভিযোগঃ হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর নিন্দা ও গভীর উদ্বেগ

ঢাকা মহানগর উত্তর ছাত্রদলের সহসভাপতি ও তেজগাঁও থানা ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি জাকির হোসেন (৩৮) গত ১২ মার্চ, ২০১৮তে কারাগারে মৃত্যুবরণ করেছেন। স্বজনেরা অভিযোগ করছেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নির্যাতনের ফলে তার মৃত্যু হয়েছে। হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এ ঘটনায় নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যম সূত্রে জানা যায়, গত ৬ মার্চ, ২০১৮ প্রেসক্লাবে বিএনপির উদ্যোগে আয়োজিত মানববন্ধন থেকে ফেরার পথে জাকির হোসেনকে গ্রেফতার করে শাহবাগ থানা পুলিশ। সরকারি কাজে বাধা সহ বেশ কয়েকটি অভিযোগে পুলিশ তার বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে মামলা দায়ের করে। পরে তাকে জিজ্ঞাসাবাদের জন্য ৩ দিনের রিমান্ডে নেয়া হয়। রিমান্ড শেষে গত ১১ মার্চ, ২০১৮ তাকে কারা হেফাজতে পাঠানো হয়। অসুস্থ্যবোধ করলে গত ১২ মার্চ, ২০১৮ তাকে কারাগার থেকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত ডাক্তাররা তাকে মৃত ঘোষণা করেন। তার স্বজনেরা অভিযোগ করছেন- রিমান্ডে নির্যাতনের ফলেই জাকির হোসেনের মৃত্যু হয়েছে। তার শরীরে আঘাতের চিহ্ন পাওয়া গেছে বলেও তারা জানিয়েছেন। ২০১৮ এর জানুয়ারী-ফেব্রুয়ারি মাসে কারা হেফাজতে ১৬ জনের মৃত্যু ঘটেছে। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিরুদ্ধে রিমান্ডের নামে নির্যাতনের অভিযোগ সঠিক প্রমাণিত হলে তা দেশে আইনের শাসনের প্রতি অনাস্থা আরও ঘনিভূত করবে।

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) কর্তৃপক্ষের কাছে, সুষ্ঠু তদন্ত সাপেক্ষে জাকির হোসেনের মৃত্যুর প্রকৃত কারন খুঁজে বের করার এবং অপরাধ প্রমাণ সাপেক্ষে নির্যাতন এবং হেফাজতে মৃত্যু (নিবারণ) আইন, ২০১৩ এর আওতায় দোষীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে। একই সাথে, দেশের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অনাকাঙ্ক্ষিত ক্ষমতার অপব্যবহার, অপেশাদারিত্ব এবং দলীয় রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত আচরণ জনগনের নাগরিক-রাজনৈতিক অধিকার চর্চায় যে ক্রমবর্ধমান প্রতিবন্ধকতা সৃষ্টি করছে তার নিন্দা এবং এসব প্রতিরোধে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য আইন-শৃঙ্খলা কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

Individual Experts: Dr. Hameeda Hossain, Advocate Sultana Kamal, Raja Devasish Roy